পদের শ্রেণীবিভাগ:-

সর্বনাম পদ:-

বিশেষ্য পদের পরিবর্তে যে পদ ব্যবহার হয় তাকে সর্বনাম পদ বলে।

যেমন - সে আসবে বলেছে।

ইনি একজন কবি।




অব্যয় পদ:-

যে পদ নিজে অপরিবর্তিত থাকে এবং বাক্য ও পদের মধ্যে সংযোগ স্থাপন করে তাকে অব্যয় পদ বলে।

যেমন - সে দরিদ্র কিন্তু সৎ।

তোমার সঙ্গে আমি যাব।

উফ ! আজ কি গরম।




ক্রিয়াপদ :-

যে পদের দ্বারা কোন কিছু করা, হওয়া এবং আছে অর্থে বোঝায় অর্থাৎ,যে কোন কাজ করা অর্থেই তাকে ক্রিয়াপদ বলে।

যেমন :-
সুনীল মাঠে <u>খেলছে।</u>
মুষলধারে বৃষ্টি <u>হচ্ছে</u>।
আকাশে অনেক তারা <u>আছে।</u>




**Self assessment**

নিচের বাক্যগুলিতে কোনটি কোন পদ নির্ণয় করে লেখো:-

1. <u>গঙ্গা</u> ভারতের প্রধান নদী।
2. <u>উনি</u> আমার শিক্ষক।
3. <u>দুরন্ত</u> শিশু।
4. আমি আগামীকাল বিদ্যালয়ে <u>যাব।</u>
5. <u>আহা!</u> কি আনন্দ!